# মৎস্যজীবি নারীর অধিকার

সম্পর্কে সচেতনতামূলক তথ্য বিনিময়ের জন্য উঠান বৈঠকে আলোচনায় ব্যবহৃত ফ্লিপচার্ট




Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

UKaid
from the British people

# জলমহাল কাকে বলে ?



# জলমহাল কাকে বলে ?

সহায়ক জলমহাল সম্পর্কে বারবার বুঝিয়ে বলতে থাকবেন।

- জলমহাল এমন জলাশয়কে বুঝাবে যেখানে বছরের একটি সময় বা সারা বছর জলমগ্ন থাকে এবং যা হাওর, বাওর, বিল, ঝিল, পুকুর, ডোবা, হ্রদ, দীঘি, খাল, নদী, সাগর ইত্যাদি নামে পরিচিত। এমন জলমহাল বদ্ধ বা উন্মুক্ত হতে পারে। বদ্ধ জলমহালের নির্দিষ্ট চতুঃসীমা থাকবে এবং উন্মুক্ত জলমহালের ক্ষেত্রে কোন নির্দিষ্ট চতুঃসীমা থাকবে না।

উপরোক্ত আলোচনা বারবার বিভিন্নভাবে সহায়ক আলোচনা করবেন। আলোচনা শেষ হলে সহায়ক অংশগ্রহণকারীদের কুইজ আকারে প্রশ্ন করবেন।

২) ব্যক্তিগত পুকুর বা ঘের কি জলমহাল হিসেবে গণ্য হবে।

৩) বদ্ধ জলমহাল কাকে বলে?


৪) উন্মুক্ত জলমহাল কাকে বলে?

Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

UKaid

# নারীরা কি মৎস্যজীবি হয় না?



# নারীরা কি মৎস্যজীবি হয় না?

সহায়ক সরকারী নিয়মানুসারে মৎস্যজীবি কাকে বলে তা বুঝিয়ে বলবেন।

১) যিনি প্রাকৃতিক উৎস (নদী বা খাল) হতে মাছ শিকার এবং বিক্রয় করেই প্রধানত জীবিকা নির্বাহ করেন তিনি প্রকৃত মৎস্যজীবি বলে গণ্য হবেন।

২) প্রকৃত মৎস্যজীবিদের সংগঠন স্থানীয় পর্যয়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তবে সে কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবেন না। কোন ব্যক্তি বা অন্য কোন নিবন্ধিত সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

উপরোক্ত আলোচনা বারবার বিভিন্নভাবে সহায়ক আলোচনা করবেন। আলোচনা শেষ হলে সহায়ক অংশগ্রহণকারীদের বলবেন যে, এবার আপনারা বলেন যে, আপনারা কি মৎস্যজীবি? যদি সবাই উত্তর দেয় যে, হ্যাঁ আমরা মৎস্যজীবি। তবে সহায়ক আবার প্রশ্ন করবে, নারীরা কিভাবে মৎস্যজীবি হয়? নারীরা কি মাছ ধরে জীবিকা নির্বাহ করে? সবাই যদি বলে যে, হ্যাঁ আমরা মাছ ধরে আয় করি, খাবার যোগাড় করি। তখন সহায়ক একটা গল্প বলবে, '*একবার এক পুরুষকে বলা হলো যে, এই যে নারীদের দেখছেন, এরা মৎস্যজীবি। তখন সে উত্তর দিলো, নারীরা আবার মৎস্যজীবি হয় নাকি? তারা পরিবারের জন্য আয় করে নাকি? তারা তো গৃহস্থালী কাজ করে শুধুমাত্র। তখন ঐ পুরুষকে বলা হলো যে, তাহলে আপনি এসে দেখে যান, কারা মৎস্যজীবি এবং কিভাবে মৎস্যজীবি। উনি আসলেন না কারণ তার স্বীকার করতে হবে তাই।*' সহায়ক গল্পটা শেষ করে সবাইকে প্রশ্ন করবে যে, আমরা নারী বলে কি মৎস্যজীবি হতে পারি না। তখন সবাই বলবে আমরা অবশ্যই মৎস্যজীবি এবং নারী মৎস্যজীবি। এরপর সহায়ক প্রশ্ন করবেন।

৩) কোন ব্যক্তি নিজের বা লিজ নিয়ে পুকুরে বা ঘেরে মাছ চাষ করেন তিনি কি প্রকৃত মৎস্যজীবি হবেন।

৪) প্রকৃত মৎস্যজীবি নিয়ে সমবায় সমিতি করা হলে, তারা কি জলমহাল বন্দোবস্ত নিতে পারবে?

৫) কিভাবে প্রকৃত মৎস্যজীবি নির্ধারণ করা হয়?

Badabon Sangho
(A Women's Rights Organisation)
UKaid

# উপজেলা মৎস্য অফিসে কেন যাবো?



# উপজেলা মৎস্য অফিসে কেন যাবো?

সহায়ক উপজেলা মৎস্য অফিসে যোগাযোগ করার কারণগুলো বারবার বুঝিয়ে বলবেন।


- মৎস্যজীবি কার্ড সরবরাহ শুধুমাত্র উপজেলা মৎস্য অফিসার এর কার্যালয় থেকে ইস্যু করা হয়।
- এই অফিস থেকে প্রজনন মৌসুমে মৎস্য সংগ্রহ বন্ধ থাকাকালিন ভাতা প্রদান করা হয়।
- ক্ষতিকর কারেন্ট জাল ব্যবহার না করা এবং অন্য প্রজাতির পোনা নিধন রোধে বিভিন্ন কর্মশালা প্রণয়ন করে।
- জরুরী অবস্থায় মৎস্যজীবি সমাজের স্বার্থ সংরক্ষণ করে।
- ক্ষুদ্র ঋণ প্রকল্পে সহায়তা প্রদান করে।
- মৎস্যজীবিদের সমিতি করার অনুমোদন দিয়ে থাকে।


Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

UKaid

# সুন্দরবনের সুরক্ষা করতে হবে



# সুন্দরবনের সুরক্ষা করতে হবে

সহায়ক সুন্দরবন সুরক্ষার জন্য বারবার বুঝিয়ে বলবেন।


- সুন্দরবনের মানচিত্র নির্দেশনা যার দ্বারা নিরাপদ মৎস্য আহরণ অঞ্চল নির্দেশিত হয়েছে।
- বিপদজনক প্রাণীকূল এর স্বাভাবিক অবস্থান নির্দেশিত হয়েছে এখানে।
- বন ও মৎস্য অভয়ারণ্য নির্দেশিত হয়েছে যেখানে মৎস্য আহরণ নিষিদ্ধ।
- অনেক অসাধু মানুষ গাছ কেটে সুন্দরবনের ক্ষতি করে।
- কোস্ট গার্ড, বন বিভাগ ও নৌবাহিনীর বন ও নদী রক্ষায় সহযোগিতা করবো।

Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

UKaid
from the British people

# নারীরা কি দুর্বল?



# নারীরা কি দুর্বল?

সহায়ক ছবি দেখিয়ে কথা বলতে শুরু করবেন।

- প্রথম ছবিতে দেখা যায়, নারীরা লাইনে দাঁড়িয়ে ইউনিয়ন পরিষদ হতে রিলিফ গ্রহণ করছে। এই রিলিফ কেন পুরুষদের দেয়া হয় না? এটা কি নারীদের জন্য সুযোগ নাকি নারীরা দুর্বল বলে তাদের দেয়া হয়?
- দ্বিতীয় ছবিতে দেখা যাচ্ছে যে, নারী রাজমিস্ত্রীর কাজ করছে। একজন পুরুষ জোগালের কাজ করছে। এটা কি সাধারণত দেখা যায়? কেন দেখা যায় না? নারীরা কি পরিশ্রম করতে বা দক্ষতার সাথে কাজ করতে পারে না? তবে কেন তারা কাজ করে উপার্জন করবে না?

সহায়ক এরপর সকল অংশগ্রহণকারীদের এই প্রশ্নের উত্তর খুঁজতে বলবেন। আমরা নারী হিসেবে কেন পারি না?

Manusher Jonno Foundation
বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)
UKaid
from the British people

# নারীর করা সব কাজ কি দেখা যায়?




# নারীর করা সব কাজ কি দেখা যায়?

সহায়ক ফ্লিপ চার্টের ছবি দেখিয়ে প্রশ্ন করবেন।

- ছবিতে আমরা কি দেখতে পারছি? একজন নারী টিউবওয়েলের পাড়ে বসে কি কি কাজ করছে। সহায়ক সবাইকে প্রশ্ন করবেন, আপনারা বলেন তো কি করছে?
- পাশে ঘরের বারান্দায় বসে আরেক নারী কি করছে? সবাই উত্তর দিলে সহায়ক প্রশ্ন করবেন, নারীরা শুধু কি এইসব কাজ করে?
- সহায়ক প্রত্যেক সদস্যকে জিজ্ঞাসা করবেন, আপনারা প্রত্যেকে একটা করে কাজের নাম বলুন, যা নারীরা প্রতিদিন করে থাকে।
- সহায়ক কাজের কথা মনে করিয়ে বলবেন, যেমন: খাবার পানি আনা, রান্নার কাঠ যোগাড় করা, মাছ ধরা, মুরগীদের খাবার দেয়া, বাচ্চাকে দুধ দেয়া, কাপড় ধোয়া, সবজী ক্ষেতে পানি দেয়া, গরুকে খাবার দেয়া, খাবার রান্না করা, খাবার পরিবেশন করা, রোগী বা বয়স্ক থাকলে তার সেবা করা ইত্যাদি। এইসব কাজের কতখানি মূল্যায়ন আমরা পাই?

Manusher Jonno Foundation
বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)
UKaid
from the British people

# সরকারী সেবা কিভাবে নিবো ?



# সরকারী সেবা কিভাবে নিবো ?

সহায়ক ছবি দুটি দেখিয়ে বলবেন, একজন পুরুষ নারীর গায়ে হাত দিয়ে কথা বলার চেষ্টা করছে। এটা এক ধরণের সুযোগ নেয়ার চেষ্টা করা, যা প্রতিদিন আমাদের মুখোমুখি হতে হয়। তাই এই ধরণের আচরণ করলে প্রতিবাদ করবো।

আমরা এই ধরনের দালাল থেকে দূরে থাকব কারণ ইউনিয়ন পরিষদ সব ধরনের কার্যাবলীতে সরাসরি সহায়তা করে থাকে। কয়েকটি এখানে দেওয়া হলো।

- অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান ও কর্মসূচির কাজের সুযোগ করে দেয়।
- স্বাস্থ্য সেবা দেয়া হয়।
- সুপেয় পানির ব্যবস্থা করে।
- জন্মনিবন্ধন, নাগরিক সনদ, চারিত্রিক সনদসহ বিভিন্ন প্রকার সনদ প্রদান করে।
- ভিজিএফ ও ভিজিডি প্রদান।
- বিধবা, বয়স্ক, প্রতিবন্ধী ভাতাসহ বিভিন্ন ভাতা প্রদান।
- ইউনিয়ন পরিষদ থেকে ওয়ারিশকাম সার্টিফিকেট দেওয়া হয়।

Manusher Jonno Foundation
বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)
UKaid
from the British people

# জমির মালিকানা কি শুধু পুরুষের দরকার?



# জমির মালিকানা কি শুধু পুরুষের দরকার?

সহায়ক ছবি দুটি দেখিয়ে সবাইকে প্রশ্ন করবেন যে, জমির মালিকানা নিয়ে কারা কথা বলে?

সবাই বলে বেশীরভাগ পুরুষরা কথা বলে থাকে।

তারপর সহায়ক প্রশ্ন করবেন, কেন নারীদের জমির মালিকানা দরকার নেই কি? সবার উত্তর শুনে তারপর সহায়ক বলবেন। জমি ভবিষ্যতের নিরাপত্তা, সম্মান, সম্পদ ও আয় বৃদ্ধি করে। তাই নয় কি?

যদি তাই হয় তবে আমরা জমির মালিকানার চারটি কাগজ সম্পর্কে জানতে চাইবো।


এক: জমির রেকর্ডের কাগজ,

দুই: জমির দলিল বা বায়া দলিল,

তিন: জমির মিউটেশনের কাগজ,

চার: জমির খাজনার কাগজ ও নকশা।

# জমির কাগজপত্র কি?



# জমির কাগজপত্র কি?

সহায়ক প্রথম ছবিটি দেখিয়ে বলবেন জমির দালালরা আপনার কাছে সহযোগিতার কথা বলে আসবে। সুযোগ নেয়ার চেষ্টা করবে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

আপনি নিজে নকশা দেখে জমির দাগ নম্বর, খতিয়ান ও ম্যাপ দেখে আপনার জমির মালিকানা মিলিয়ে নিবেন।


তারপর সংরক্ষণ করা যায়, এমন জায়গায় নিরাপদে রাখবেন।

Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

UKaid
from the British people

# ভূমি অফিসের সেবাসমূহ



# ভূমি অফিসের সেবাসমূহ

সহায়ক ছবি দেখিয়ে সবাইকে প্রশ্ন করবেন।

প্রথম ছবিতে দালাল আপনার কাছে কাজ করিয়ে দিবে বলে টাকা চাইতে পারে। কিন্তু আপনি দালালের কাছে সহযোগিতা চাইবেন না।

আপনার জমি মিউটেশন করানোর জন্য সরাসরি ইউনিয়ন/উপজেলা ভূমি অফিসে যোগাযোগ করবেন। আপনি আবেদনপত্র পূরণ করে নির্দিষ্ট ফি দিয়ে জমির মিউটেশন করিয়ে নিবেন।

আপনার রেকর্ড সংক্রান্ত যে কোন সমস্যায় দায়িত্বরত কর্মকর্তাগণের সহায়তা নিন।

বৈধ রশিদ ছাড়া কোন লেনদেন করবেন না। সরকারী কর্মচারী রশিদ দিতে অস্বীকার করলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করুন।

Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

UKaid
from the British people

প্রকাশকাল
এপ্রিল ২০২০

সংকলন ও সম্পাদনায়
নাইমা জাহান, প্রোগ্রাম ম্যানেজার
খান ফারুক, প্রোগ্রাম অফিসার

সার্বিক সহযোগিতায়
লিপি রহমান, নির্বাহী পরিচালক

অংকন
দীপক রায়

প্রচ্ছদ ও অলংকরণ
সালাম খোকন

মুদ্রণ
কারুকর প্রিন্টিং প্রেস, ঢাকা, বাংলাদেশ
+৮৮ ০১৬ ১০ ১২ ৭৪ ৬৭ | *www.karukar.com*

Manusher Jonno Foundation

বাদাবন সংঘ
**Badabon Sangho**
(A Women's Rights Organisation)

UKaid
from the British people

গ্রাম: কাটামারী, পোস্ট: ডাকটমারী, উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট, বাংলাদেশ
ফোন: +৮৮ ০৭১৭৩২ ৩৯৬৫৮৫। ই-মেইল: badabonsangho.bd@gmail.com । ওয়েবসাইট : www.badabonsangho.org